

FY MðxZv wbePbt

যে সকল কৃষক পরিবার সারা বছর কোন না কোন শস্য উৎপাদনের সঙ্গে সম্পৃক্ত এরূপ কৃষকগণ এ কর্মসূচির আওতায় আসবে।

FY mxgv t

এক শস্য বছরে (জুলাই-জুন) চাষযোগ্য ফসলসমূহের মধ্যে বাংলাদেশ ব্যাংকের নিয়মাচার অনুযায়ী যে ফসলে ঋণ সীমা বেশী সেটিই হবে একজন ঋণ গ্রহীতার বাৎসরিক ক্রপ ক্রেডিট লিমিট অর্থাৎ এভাবে নির্ণীত লিমিট পর্যন্ত একজন ঋণ গ্রহীতাকে ঋণ বিতরণ করা হবে। তবে ঋণ নির্ধারিত ফসলের অনুমোদিত নর্মস ভিত্তিক বিতরণযোগ্য হবে। নতুন কৃষকগণের পাশাপাশি পুরাতন ঋণ গ্রহীতাদের অর্থাৎ রিপটি ঋণের ক্ষেত্রেও ভোগকৃত ঋণকে ক্রপ ক্রেডিট লিমিট হিসাবে অত্র কর্মসূচির আওতায় ঋণ প্রদান করা হবে।

mŕ` I nvi I mÿ vÿivc c×wZt

আবর্তনশীল (Revolving) শস্য ঋণ কর্মসূচির আওতায় প্রদত্ত ঋণের সুদের হার নির্ধারণের ক্ষেত্রে ব্যাংক কর্তৃক শস্য ঋণের জন্য সময় সময় নির্ধারিত সুদ হারে বার্ষিক হিসাব সমাপনীর সময় এবং ঋণের মেয়াদপূর্তির সময়/হিসাব বন্ধের সময় ও অন্যান্য প্রযোজ্য ক্ষেত্রে সুদ আরোপ পূর্বক নগদে ডেবিট ক্যাশ ভাউচারের মাধ্যমে আদায় করা হবে। তবে ভাল গ্রাহক ১% সুদ রিবেট করবেন।

FÿYi tgqv` t

ঋণের মেয়াদ হবে প্রথম উত্তোলনের তারিখ হতে ৩ (তিন) বছর। তবে প্রতি বছরই সুদের সমুদয় টাকা আদায় সাপেক্ষে পরবর্তী বছরের জন্য ঋণটি সয়ংক্রিয়ভাবে নবায়নযোগ্য হবে।

FY bevqb/cpt FY gÄjxt

সুদের টাকা আদায় সাপেক্ষে প্রথম বছরে আবেদন ও দলিলায়নের ভিত্তিতে ঋণটি সয়ংক্রিয়ভাবে পরবর্তী বছরের জন্য নবায়িত হবে। তবে নিম্নোক্ত ক্ষেত্রে নতুনভাবে ঋণের আবেদন ও দলিলায়নের প্রয়োজন হবেঃ

- শস্য উৎপাদন পরিকল্পনার পরিবর্তন আনয়ন করা হলে
- ভোগকৃত লিমিট বর্ধিতকরণের প্রয়োজন হলে অর্থাৎ ঋণের চাহিদা বেড়ে গেলে
- ৩য় বছর শেষে নতুনভাবে ঋণের আবেদনপত্র গ্রহন ও দলিল সম্পাদন করতে হবে। তবে এই ক্ষেত্রে সাকুল্য টাকা পরিশোধের প্রয়োজন নাই।

➤ বিস্তারিত তথ্যের জন্য নিকটস্থ শাখায় যোগাযোগ করুন